

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : [www.bangladesh-bank.org](http://www.bangladesh-bank.org)  
[www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এফ,ই সার্কুলার নং-০৮

তারিখ ভাদ্র ০৯, ১৪১৩  
আগষ্ট ২৪, ২০০৬

বৈদেশিক মুদ্রা লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**কৃষিপণ্য (শাকসজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং)  
কৃষিপণ্য রপ্তানি খাতে ভতূকী প্রদান প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে এফ,ই সার্কুলার নং ১৫, তারিখ অক্টোবর ০৬, ২০০৫ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

০২। সরকার কর্তৃক কৃষিপণ্য (শাকসজি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির জন্য নীট প্রত্যাবাসিত এফওবি মূল্যের বিপরীতে চলতি ২০০৬-২০০৭ অর্থ বছরে ২০% হারে রপ্তানি ভতূকী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানির ক্ষেত্রে ন্যূনতম ৭০% স্থানীয় উপকরণ ব্যবহার করিতে হইবে। এই ভতূকী জুলাই ০১, ২০০৬ তারিখ হইতে জুন ৩০, ২০০৭ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

০৩। এতদবিষয়ে সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১(কৃষিপণ্য)/২০০৬-৭৭, তারিখ ফেব্রুয়ারী ০৫, ২০০৬ এর সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে এবং রপ্তানি ভতূকীর দাবী পরিশোধের বিষয়ে সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১(কৃষিপণ্য)/২০০৬-৪২৮, তারিখ জুলাই ১১, ২০০৬ এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করিতে হইবে।

০৪। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৭৫